# বাপা'র মাসিক নিউজ লেটার মার্চ, ২০২৬

## জ্বালানি রূপান্তরে বিনিয়োগ চুক্তি ও জনস্বার্থ' - শীর্ষক আলোচনা সভা

বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) ও কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর যৌথ উদ্যোগে ৫ মার্চ, ২০২৬ বৃহস্পতিবার, সকাল ১১টায় জাতীয় প্রেস ক্লাবের তোফাজ্জল হোসেন মানিক মিয়া হলে **'জ্বালানি রূপান্তরে বিনিয়োগ চুক্তি ও জনস্বার্থ'** - শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাপা'র সভাপতি অধ্যাপক নুর মোহাম্মদ তালুকদার এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আলমগীর কবির এর সঞ্চালনায় অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পিডিবি'র সাবেক চেয়ারম্যান প্রকৌশলী এম এ মায়ীদ, লিখিত বক্তব্য পাঠ করেন প্রকৌশলী শুভ কিবরিয়া এবং সুচনা বক্তব্য রাখেন বাপা'র সহ-সভাপতি মানবাধিকার ও পরিবেশকর্মী জাকির হোসেন।




সংশ্লিষ্ট বিষয়ের উপর আলোচনা করেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও জ্বালানী বিশেষজ্ঞ অধ্যাপক আনু মুহাম্মদ, ক্যাব এর জ্বালানি উপদেষ্টা অধ্যাপক এম শামসুল আলম, অর্থনীতিবিদ অধ্যাপক এম. এম আকাশ, রাজনীতিবিদ রুহিন হোসেন প্রিন্স, জ্বালানী বিশেষজ্ঞ রাজেকুজ্জামান রতন, এবং ক্যাব যুব সংসদ এর সদস্য নাজিফা তাজনূর, যুব আন্দোলনের খান আসাদুজ্জামান মাসুম প্রমুখ।

এতে উপস্থিত ছিলেন বাপা'র সহ-সভাপতি মহিদুল হক খান, কোষাধ্যক্ষ আমিনূর রসুল, সাংগঠনিক সম্পাদক মিহির বিশ্বাস, যুগ্ম সম্পাদক ড. হালিম দাদ খান, হুমায়ুন কবির সুমন, জাভেদ জাহান, নির্বাহী সদস্য হাজী শেখ আনসার আলী, তিতলি নাজনিন, জাতীয় কমিটির সদস্য আরিফুর রহমানসহ গ্রীনভয়েস বিভিন্ন শাখার সদস্যবৃন্দ।

মূল প্রবন্ধে পিডিবি'র সাবেক চেয়ারম্যান প্রকৌশলী এম এ মায়ীদ বলেন, দেখা যায়, 'বাংলাদেশের বেসরকারি খাতের বিদ্যুৎ উৎপাদন নীতি ১৯৯৬ (সংশোধিত ২০০৪)' হল আইপিপি নির্বাচনের জন্য আন্তর্জাতিক মানের একটি নিখুঁত ক্রয় নীতি। এই নীতির অধীনে স্বাক্ষরিত পিপিএ চুক্তিগুলি ন্যায্য ছিল এবং উভয় পক্ষের জন্যই লাভজনক পরিস্থিতির সাথে প্রতিযোগিতামূলক শুল্কের ফলাফল ছিল। তবে, বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ দ্রুত বৃদ্ধি নিশ্চিত করার নামে, ২০১০ সালে সরকার 'বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহের দ্রুত বর্ধন (বিশেষ বিধান) আইন ২০১০' নামে একটি নতুন আইন প্রণয়ন করে। এই আইনে দরপত্র আহ্বান প্রক্রিয়ার বিধান মওকুফ করা হয়েছিল। পিপিএ শুল্ক আলোচনার শর্তে নির্ধারণ করা হয়েছিল। প্রতিযোগিতামূলক প্রক্রিয়া ছাড়াই চুক্তি প্রদানের প্রক্রিয়া, অন্যায্য চুক্তি এবং স্ফীত ব্যয়ের বিষয়ে উদ্বেগ প্রকাশ করে; যার ফলে প্রতিযোগিতা ও ন্যায্যতার অভাব দেখা দেয় এর ফলে আদানীর মত চাপিয়ে দেওয়া প্রকল্পগুলো বাস্তবায়িত হয়। জ্বালানি খাতকে বাণিজ্যিকীকরণ করা হয়েছে। বিদেশি ও বেসরকারি বিনিয়োগকে অগ্রাধিকার দেওয়া হয়েছে, আমদানিনির্ভর জ্বালানি নীতি গড়ে উঠেছেফলে জ্বালানি খাত এখন অনেক ক্ষেত্রে জনসেবার পরিবর্তে বিনিয়োগকারীর লুণ্ঠনমূলক মুনাফার ক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে। যা দেশের অর্থনীতির উপর বিরুপ প্রভাব পড়েছে।

সভাপতির বক্তব্যে অধ্যাপক নুর মোহাম্মদ তালুকদার বলেন, নিরবচ্ছিন্ন ও সুলভে বিদ্যুৎ জনগনকে সরবরাহের জন্য দেশের জ্বালানি খাতকে ঢেলে সাজাতে হবে। বিদেশী নির্ভরতা পরিহার ও দেশীয় বিশেষজ্ঞদের দিয়ে জাতীয় স্বার্থকে সবোর্চ অগ্রাধিকার দিয়ে গ্যাস অনুসন্ধান ও উত্তোলনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

অধ্যাপক আনু মুহাম্মদ বিগত সরকারের আমলে নেওয়া অসম চুক্তি জনগনের সামনে প্রকাশ করে সেগুলো বাতিল করতে হবে। জাতীয় সক্ষমতাকে বাড়িয়ে দেশের স্বার্থে জনকল্যাণমুখী জ্বালানিনীতি বাস্তবায়নের দাবি জানান সরকারের প্রতি। তিনি নবায়নযোগ্য জ্বালানির উৎপাদন ও ব্যবহারবৃদ্ধি এবং দেশের গ্যাস উত্তোলন ও ব্যবহারের প্রতি গুরুত্ব দেওয়ার আহ্বান জানান।




অধ্যাপক এম শামসুল আলম বলেন আমরা সহানুভূতি চাই না অধিকার চাই। বিদুৎ গ্যাস আমাদের অধিকার। সেই অধিকারকে বিদেশীদের হাতে দিয়ে আমাদেরকে তারা জিম্মি করে রেখেছে। যেই চুক্তি দেশের মানুষের কল্যাণের বিরোধী সেই চুক্তি অবশ্যই বাতিল করতে হবে। আদানী চুক্তি ছিল একটি অসম চুক্তি। আমরা অনতি বিলম্বে অত্যন্ত দৃঢ়তার সাথে এই চুক্তি বাতিল করে জ্বালানীতির আমুল পরিবর্তন করে জনমূখী চুক্তি করার দাবি জানাচ্ছি।

অধ্যাপক এম. এম আকাশ বলেন দেশের গ্যাস উত্তোলনের জন্য বরাদ্দকৃত অর্থ অন্যখাতে ব্যবহার করা হয়েছে। যার ফলে দেশের প্রাকৃতিক সম্পদ গ্যাস উত্তোলন সম্ভব হয়নি। এর পরিবর্তে ব্যক্তি ও ব্যবসায়িক স্বার্থে বিদেশী কোম্পানির কাছ থেকে বিদ্যুৎ কিনে দেশের জনগনের টাকা হরিলুট করা হয়েছে।

রুহিন হোসেন প্রিন্স বলেন, আমরা শুনতে পাচ্ছি বাসগুলোর জন্য রেশনের ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু পেনিক তৈরী করে এই রেশনিং ব্যবস্থা চালু করা হলে জনগণ তা প্রত্যাখান করবে। দেশের জ্বালানি বিশেষজ্ঞ ও সাধারণ জনগনের সাথে বসে আলোচনা করে জনবান্ধব বিদ্যুৎ ক্রয়নীতির দাবি জানান তিনি।

জাকির হোসেন বলেন যেই সরকার ক্ষমতায় আসেই সেই সরকারই বিদ্যুৎ ও জ্বালানিখাতে নিজেদের লোক বসায় আর্থিক সুবিধা দেওয়া ও নেওয়ার জন্য। তারা এই খাতকে টাকা কামানোর একটা উপায় বা মাধ্যম বানিয়েছে। এই ধারা থেকে বের হয়ে আসার আহ্বান জানান তিনি।

রাজেকুজ্জামান রতন বলেন মানুষের যেই জিনিসের বেশী প্রয়োজন সেটিই বেশী সহজলভ্য করা উচিত। কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে আমরা এর উল্টোটা দেখছি। বিদ্যুৎ মানুষের অতিপ্রয়োজনীয় পন্য এটিকে সহজলভ্য ও প্রাপ্যতা নিশ্চিত করার দাবি জানান।

আলমগীর কবির বলেন দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতকে জনবান্ধব করতে হলে অবশ্যই দেশের বিশেষজ্ঞদের দ্বারা একটি জ্বালানি নীতি তৈরী করতে হবে।

**দেশের জ্বালানিখাতে ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে হলে নিম্মোক্ত দাবির প্রতি গুরুত্ব দিতে হবে;**

- বিদ্যুৎ ও জ্বালানি খাতকে পুনরায় মুনাফামুক্ত সেবাখাত হিসেবে প্রতিষ্ঠা
- জীবাশ্ম জ্বালানি আমদানি নির্ভরতা কমানো
- সৌরবিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি
- প্রতিযোগিতাহীন বিদ্যুৎ চুক্তি পর্যালোচনা
- জ্বালানি খাতে দুর্নীতির বিচার
- BERC-এর স্বাধীনতা ও জবাবদিহিতা নিশ্চিত করা
- জ্বালানি খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ—উভয়কে কেবলমাত্র আপস্ট্রিম রেগুলেটরের দায়িত্বের মধ্যে সীমাবদ্ধ রেখে বিদ্যুৎ ও জ্বালানি খাতকে স্বার্থসংঘাত মুক্ত করা।

## বগুড়া শাখার উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল

২ মার্চ ২০২৬ তারিখ সোমবার বাংলাদেশ পরিবেশ আন্দোলন(বাপা)বগুড়া শাখার উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠান বাপা বগুড়া শাখার সভাপতি প্রকৌশলী শাহাবুদ্দীন সৈকতের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।সাধারণ সম্পাদক জিয়াউর রহমানের সঞ্চালনায় আগামী ১৪ মার্চ বিশ্ব নদী দিবস উদযাপনের গুরুত্ব তুলে ধরে সভায় বক্তব্য রাখেন বাপা বগুড়া শাখার উপদেষ্টা অধ্যাপক আব্দুল মান্নান,সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ ফজলে রাব্বী ডলার,নির্বাহী সদস্য ফজলুল হক প্রমূখ। সভায় বাপা নেতৃবৃন্দ পরিবেশ উন্নয়নে বিভিন্ন কর্মসূচী গ্রহনের উদাত্ত আহবান জানান।




**রংপুর শাখার উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা**




**কক্সবাজার শাখার উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা**



বাপা চকোরীয়া উপজেলা কমিটির নদীকৃত্য দিবস ও ইফতার পার্টি সম্পন্ন।

## বাপা কিশোরগঞ্জ শাখার স্মারকলিপি প্রদান ও মানববন্ধন

অবৈধ্য খাল ভরাট, ড্রেন-কালভার্ট উন্মূক্ত করে জলাবদ্ধতা নিরসনের প্রতিকার চেয়ে বাপা কিশোরগঞ্জ শাখার স্মারকলিপি প্রদান ও মানববন্ধন অনুষ্ঠিত হয় ৫ মার্চ ২০২৬ তারিখে।




## কক্সবাজার জেলার কুতুবদিয়া শাখার উদ্যোগে ৭ মার্চ ইফতার মাহফিল ও আলোচনা সভা




## কক্সবাজার জেলার মহেশখালী শাখার উদ্যোগে ১২ মার্চ ইফতার মাহফিল ও আলোচনা সভা




## রাজশাহী জেলা কমিটির মাসিক সভা

২৮ মার্চ বাংলাদেশ পরিবেশ আন্দোলন বাপা রাজশাহী জেলা কমিটির উদ্যোগে মাসিক সভা অনুষ্ঠিত হয় সভাপতিত্বে করেন জেলা কমিটির সভাপতি মাহমুদ হোসেন বক্তব্য রাখেন মোঃ জামাত খান. সহসভাপতি শিক্ষক জুয়েল কিবরিয়া. সেলিনা বেগম. রহিমা বেগম. পুঠিয়া. উপজেলা. দূর্গাপুর উপজেলা. মোহনপুর. উপজেলা. পবা উপজেলা সহ জেলা কমিটির বিভিন্ন নেতারা। সিদ্ধান্ত হয়েছে আগামী বুধবারে সকাল ১০টার সময়ে সাহেব বাজার জিরো পয়েন্টে  ফারাক্কা চুক্তি নবায়ন. বরেন্দ্র অঞ্চলে পানির সমস্যা সমাধান. পদ্মা নদী দূষণ মুক্ত দখল মুক্ত করার দাবি. উত্তর রাজশাহী সেচ প্রকল্পের বাস্তবায়ন জরুরি. মানুষের চিকিৎসা সেবায় গাফিলতি. বিভিন্ন ধরনের সমস্যা সমাধানের জন্য এবং মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান সাহেব নির্বাচনী জনসভায় তার ওয়াদা করেছিলেন পদ্মা ব্যারেজ বাস্তবায়নের জন্য দ্রুত উদ্যোগ নিবেন আমরা এর বাস্তবায়ন চাই. রাজশাহীর বারনাই নদী. হুজা নদী. বড়াল নদী মুখা নদীসহ সব নদী খননের জন্য সরকারের কাছে জোর দাবি জানানো হবে।




## শোক বার্তা

বাপা কক্সবাজার জেলা কমিটির সভাপতি জেষ্ঠ্য সাংবাদিক এইচ এম এরশাদ এর মৃত্যুতে বাপা'র পক্ষ থেকে শোক বার্তা প্রেরণ করা হয়।



## আন্তর্জাতিক নদীকৃত দিবস উদযাপন-২০২৬

## সিরাজগঞ্জের ফুলজোড় নদীর দূষণ সরেজমিনে পরিদর্শন

আন্তর্জাতিক নদীকৃত্য দিবস-২০২৬ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)'র নেতৃত্বে একটি প্রতিনিধিদল আজ ১৪ মার্চ, ২০২৬ তারিখে সিরাজগঞ্জের ফুলজোড় নদীর দূষণ সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন শেষে ভুক্তভোগী, সাংবাদিক ও স্থানীয় প্রশাসনের সাথে মতবিনিময় করেন।

বাপা'র প্রতিনিধিদলটি পরিদর্শনে গিয়ে দেখেন সিরাজগঞ্জের রায়গঞ্জে এস আর গ্রুপের এস আর কেমিক্যাল ও মজুমদার গ্রুপের কিছু কারখানা থেকে নির্গত বিষাক্ত রাসায়নিক বর্জ্য ফুলজোড় ও করতোয়া নদীতে ফেলা হচ্ছে। এর ফলে নদীর জীববৈচিত্র্য ধ্বংস হচ্ছে, মাছ ও কৃষি ক্ষতিগ্রস্ত হচ্ছে, এবং নদীর পাড়ের মানুষের জীবন-জীবিকা মারাত্মক ঝুঁকির মধ্যে পড়ছে।

স্থানীয় ভুক্তভোগীদের সাথে আলাপকালে আছিয়াসহ অন্যানরা জানান যারা এই নদীকে রক্ষা করার জন্য কথা বলছেন, সেই পরিবেশ ও নদী আন্দোলনের কর্মীদের বিরুদ্ধে হয়রানিমূলক মিথ্যা মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে। এই রাসায়নিক বর্জ্য পানিতে মিশার ফলে একদিকে যেমন মৎস্য সম্পদ, কৃষি জমি ধ্বংস, জমির উর্বরতা নষ্ট, কৃষি ফলন কমে যাচ্ছে অন্যদিকে মানুষের শ্বাসকষ্ট, খোস-পচড়াসহ নানা ধরনের চর্ম ও পানিবাহিত রোগ দেখা দিচ্ছে। এর ফলে অনেকে নিয়মিত হাসপাতালেও যেতে হয় বলে ভুক্তভোগীরা জানান।

অতিষ্ট হয়ে ভুক্তভোগীরা ফুলজোড় ও করতোয়া নদীতে আর কোন ধরনের রাসায়নিক বর্জ্য না ফেলার বিষয়ে তাদের ক্ষোভ জানিয়ে কঠোর হুশিয়ারি দিয়েছেন। তারা এখন শান্তিতে থাকতে চায় বলে জানান।

প্রতিনিধিদলটি পরে রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার জনাব আব্দুল খালেক পাটোয়ারীর সাথে সাক্ষাৎ করে পরিদর্শনের অভিজ্ঞতা তুলে ধরার পাশাপাশি এবিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়ার আহবান জানান।

আমরা ফুলজোড়, করতোয়াসহ দেশের সকল নদ-নদীর দখল-দূষণ অবিলম্বে বন্ধ করাসহ যারা এই দখল-দূষণ প্রক্রিয়ার সাথে জড়িত তাদেরকে কোন দলীয় পরিচয় না দেখে দ্রুত শাস্তির আয়তায় আনার দাবি জানাচ্ছি।

বাপা'র প্রতিনিধিদলে উপস্থিত ছিলেন, বাপা'র সাধারণ সম্পাদক, মো. আলমগীর কবির, সাংগঠনিক সম্পাদক মিহির বিশ্বাস, যুগ্ম সম্পাদক ড. হালিম দাদ খান ও হুমায়ূন কবির সুমন, নির্বাহী সদস্য এড পারভীন আক্তার ও হাফিজুল ইসলাম, বাপা সিরাগঞ্জ শাখার আহবায়ক দিপক কুমার করসহ স্থানীয় নদী ও পরিবেশকর্মীগণ।






## সমাবেশ ও আলোচনা সভা

আন্তর্জাতিক নদীকৃত্য দিবস-২০২৬ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) ও বড়াল রক্ষা আন্দোলন এর উদ্যোগে বড়াল বিদ্যা নিকেতন প্রাঙ্গনে ১৪ মার্চ বড়াল নদীর উপর নির্মিত "চারঘাট এবং আটঘড়ীর সুইসগেট অপসারণ কর পূর্ণপ্রস্থ ব্রীজ নির্মাণ কর, বড়াল নদী খনন কর" এই দাবীতে সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।






## মানববন্ধন

১৪ মার্চ বাপা কুমিল্লা শাখার উদ্যোগে পুরাতন গোমতী নদী দখল ও দূষণমুক্ত করার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়।




**১৪ মার্চ বাপা দাউদকান্দি শাখার উদ্যোগে নদী পর্যবেক্ষণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়**



## মানবন্ধন ও পথসভা

নরসুন্দা নদীর অবৈধ্য দখলমুক্ত করণ, দূষণরোধ ও কাওনার বাঁধ খুলে পানি প্রবাহ নিশ্চিত করার দাবিতে বাপা কিশোরগঞ্জ শাখায় ১৪ মার্চ মানবন্ধন ও পথসভা অনুষ্ঠিত হয়।




## বাপা চকোরীয়া উপজেলা কমিটির উদ্যোগে ১৪ মার্চ নদীকৃত্য দিবস ও ইফতার পার্টি অনুষ্ঠিত হয়



## বাপা বগুড়া শাখায় ১৪ মার্চ মানবন্ধন অনুষ্ঠিত হয়।




## বাপা যশোর শাখায় ১৪ মার্চ মানবন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

১৪ মার্চ সকাল ১১ টায় বাংলাদেশ পরিবেশ আন্দোলন বাপা যশোর জেলা শাখার উদ্যোগে আন্তর্জাতিক নদীকৃত্য দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে "ভৈরব নদের তীরে এক মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।




## বাপা মহেশখালী শাখায় ১৪ মার্চ মানবন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



বাপা ময়মনসিংহ শাখায় ১৪ মার্চ মানবন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

